# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/রংপুর-৭৯/২৫৭১৬ — তারিখ ঃ ৭/০৩/২০১৭খ্রিঃ

বিষয় ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে। — **তাগিদপত্র**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন সুবিদ দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটির বিদ্যোৎসাহী সদস্য জনাব মোঃ রশিদুল ইসলাম একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেছেন। অভিযোগপত্রে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার এর বিরুদ্ধে সভার সকল সদস্যদের কমিটির সবধরণের মিটিং-এ আহবান না করা, মাদরাসার অর্থ আত্মসাৎ, অসদাচরণ, দুর্নীতি ও বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক....... (...২....) পাতা।

৭/৩/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৫৮৬১০২১৬

উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/রংপুর-৭৯/ — তারিখ ঃ /০৩/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ-**

১. জেলা প্রশাসক, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর।
৪. সভাপতি-ম্যানেজিং কমিটি, সুবিদ দাখিল মাদরাসা, পীরগাছা, রংপুর।
৫. সুপার, সুবিদ দাখিল মাদরাসা, পীরগাছা, রংপুর।
৬. জনাব মোঃ রশিদুল ইসলাম, পিতা- মোঃ ইয়াকুব আলী, তালুকইসাদ, পীরগাছা, রংপুর।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

৭/৩/১৭
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,

রেজিষ্টার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

ঢাকা।

বিষয় : রংপুর জেলার অন্তর্গত পীরগাছা উপজেলাধীন সুবিদ দাখিল মাদ্রাসায় জেলা রংপুরের বিজ্ঞ সহকারী জজ আদলতে মামলা যাহার নং ৫৪/১৫ থাকায় বিধি বহির্ভূতভাবে গঠিত এডহক কমিটিটি অনুমোদন না দেওয়া প্রসঙ্গে।

তারিখ: ১৯/০৮/২০১৫ইং।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ রশিদুল ইসলাম পিতা-মোঃ ইয়াকুব আলী মাতা-মোছাঃ রোকেয়া বেগম গ্রাম ও ডাকঘর-তালুকইসাদ উপজেলা-পীরগাছা জেলা-রংপুর ও বিদ্যুৎসাহী সদস্য সুবিদ দাখিল মাদ্রাসা ম্যানেজিং কমিটি, পীরগাছা, রংপুর এই মর্মে অভিযোগ দাখিল করিতেছি যে, আপনার স্বাক্ষর সম্বলিত উক্ত মাদ্রাসা নিয়মিত ম্যানেজিং কমিটির অনুমোদিত পত্র যাহার স্মারক নং বা মা/শিবো/প্রশা/২১৭২/২ নথি নং রংপুর-৭৯ তারিখ ০৩/০৬/২০১৩ইং মর্মানুযায়ী প্রবিধান ৩৩/১ বিধি মোতাবেক মাদ্রাসা ম্যানেজিং কমিটির ২০/০৬/২০১৩ইং তারিখের প্রথম সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুসারে আমাকে উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিদ্যুৎসাহী সদস্য হিসাবে কো-অপট করা হয়। অত্যান্ত দুঃখ ও পরিতাপের বিষয় ম্যানেজিং কমিটির দুই একটি সভায় আমাকে নোটিশের মাধ্যমে জানানো হইলেও দীর্ঘ প্রায় দেড় বৎসর যাবত ম্যানেজিং কমিটির কোন সভার নোটিশ আমার নিকট প্রেরণ করা হয় নাই। মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার মনগড়া ভাবে প্রতিষ্ঠানটি পরিচালনার ক্ষেত্রে সীমাহীন অনিয়ম ও দুর্নীতির আশ্রয় গ্রহণ সাপেক্ষে প্রায় ৩০ থেকে ৪০ লক্ষাধীক টাকা আত্মসাৎ করেন। মোটা অংকের টাকার বিনিময়ে অযোগ্য ও কাম্যযোগ্যতা না থাকা সত্বেও যিনি একই সঙ্গে দুইটি টাইম স্কেল গ্রহণ সাপেক্ষে সরকারি কোষাগার হইতে প্রায় ৪ লক্ষাধীক টাকা আত্মসাৎ করেছেন তাকে সুপার পদে ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার বিধি বহির্ভূতভাবে নিয়োগ প্রদান করেন। বর্তমানে অবৈধ্য সুপার মোঃ আনোয়ারুল ইসলাম ইতিপূর্বে উপজেলা নির্বাহী অফিসার পীরগাছা, রংপুর মহোদয়ের স্বাক্ষর জাল করায় তার বিরুদ্ধে ফৌজদারি আইনে মামলা হয়েছিল। সভাপতি এবং সুপার ম্যানেজিং কমিটির সভা বিধি মোতাবেক আহবান না করে গোপনে সহকারী মৌলভী, সহকারী শিক্ষক ও দপ্তরী পদে অযোগ্য ব্যক্তিদেরকে নিয়োগ প্রদান করে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেন। আমি বিধি মোতাবেক ম্যানেজিং কমিটির একজন সদস্য হওয়া সত্ত্বেও যেহেতু আমাকে নিয়মিত ম্যানেজিং কমিটির কোন সভায় নোটিশের মাধ্যমে জানানো হয় নাই মর্মে আমি আমার সদস্য হিসাবে অধিকারের প্রশ্নে জেলা রংপুরের বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, পীরগাছায় একটি মামলা দায়ের করি। যাহার নং অন্য নং -

৫৪/১৫। মামলাটি বর্তমানে মাননীয় বিজ্ঞ আদালতে বিচারাধীন রয়েছে। আমি বিশ্বস্ত সূত্রে অবগত হয়েছি যে, আদালতে মামলা থাকা সত্ত্বেও উক্ত মাদ্রাসার অবৈধ্য সুপার তথ্য গোপন করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা হতে উক্ত মাদ্রাসার এডহক কমিটি গঠনের অনুমতি লাভ করেছে। উক্ত বিধি বহির্ভূত এডহক কমিটি অনুমতি সাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার পীরগাছা রংপুর মহোদয়ের দপ্তর হতে অভিভাবক সদস্য ও জেলা শিক্ষা অফিসার রংপুর হতে শিক্ষক প্রতিনিধির সদস্য মনোনয় সাপেক্ষে এম পি মহোদয়ের ডিও লেটারে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটির তালিকা আপনার দপ্তরে দাখিল পূর্বক উক্ত বিধি বহির্ভূত ভাবে গঠিত এডহক কমিটি অনুমোদন নেয়ার জন্য উক্ত মাদ্রাসার অবৈধ্য সুপার জোড় তৎপড়তা অব্যাহত রেখেছেন।

বিধায় প্রার্থনা, রংপুর জেলার অন্তর্গত পীরগাছা উপজেলাধীন সুবিদ দাখিল মাদ্রাসায় জেলা রংপুরের বিজ্ঞ সহকারী জজ আদলতে মামলা যাহার নং ৫৪/১৫ থাকায় বিধি বহির্ভূত ভাবে গঠিত এডহক কমিটিটি অনুমোদন না দেয়ার জন্য আমি আপনার নিকট বিশেষভাবে অনুরোধ করছি।

নিবেদক

মোঃ রশিদুল ইসলাম ১৭/৮/২০১৫

**(মোঃ রশিদুল ইসলাম)**
পিতা-মোঃ ইয়াকুব আলী,
মাতা-মোছাঃ রোকেয়া বেগম,
গ্রাম ও ডাকঘর-তালুকইসাদ,
উপজেলা-পীরগাছা, জেলা-রংপুর
ও
বিদ্যুৎসাহী সদস্য
সুবিদ দাখিল মাদ্রাসা
পীরগাছা, রংপুর।

সংযুক্তি:

১. জেলা রংপুরের বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, পীরগাছার মামলা নং অন্য নং ৫৪/১৫ এর ফটোকপি।